## বীজ হার:

| বীজের পরিমাণ | | বীজের পরিমাণ | | মূল জমির পরিমাণ |
|---|---|---|---|---|
| মাতৃ সারি (A line) | পিতৃ সারি (R line) | মাতৃ সারি (A line) | পিতৃ সারি (R line) | |
| ৩ কেজি | ১ কেজি | ২ শতাংশ | ০.৫ শতাংশ | ১ বিঘা (৩৩.৩৩ শতাংশ) |
| ৯ কেজি | ৩ কেজি | ৫ শতাংশ | ১.৫ শতাংশ | ১ একর (৩.০২৫ বিঘা) |
| ২৫ কেজি | ৭.৫ কেজি | ১২ শতাংশ | ৩.৭৫ শতাংশ | ১ হেক্টর (২.৪৭ একর) |

## বীজ বপন:

যেহেতু মাতৃ প্রজনকের (A line) বীজ ধারন পরাগায়নের উপর নির্ভরশীল, সেহেতু উভয় প্রজনকের ছড়া বের হওয়ার সময় একই হতে হবে, অধিকন্তু দীর্ঘসময় ধরে পরাগরেণু সরবরাহ পাওয়ার জন্য দুই কিস্তিতে (staggered planting) দুইবার R লাইন এর বীজ বপন করা হয়। প্রথম কিস্তিতে ১/২ অংশ এবং ২য় কিস্তিতে ১/২ অংশ R লাইন এর বীজ বপন করতে হয়। ব্রি হাইব্রিড ধান৪ এর ক্ষেত্রে পিতৃ ও মাতৃ সারির জীবনকালের পার্থক্য তিনদিন। অর্থাৎ মাতৃসারি বা A লাইন এর বীজ বপনের তিনদিন পূর্বে R এর প্রথম কিস্তির বীজ এবং A লাইন এর বীজ বপনের তিনদিন পর R লাইন এর ২য় কিস্তির বীজ বপন করতে হয়। তবে অঞ্চল বিশেষে পিতৃ মাতৃ সারির জীবনকালের তারতম্য হতে পারে।

## সারির অনুপাত, সারির দিক এবং রোপন বিন্যাস:

সারির অনুপাত: ২ ঃ ৮ (পিতৃ সারি ঃ মাতৃ সারি)

$R_1$ $R_2$ A A A A A A A A $R_2$ $R_1$ A A A A A A A A $R_2$ $R_1$
$R_2$ $R_1$ A A A A A A A A $R_1$ $R_2$ A A A A A A A A $R_1$ $R_2$
$R_1$ $R_2$ A A A A A A A A $R_2$ $R_1$ A A A A A A A A $R_2$ $R_1$
$R_2$ $R_1$ A A A A A A A A $R_1$ $R_2$ A A A A A A A A $R_1$ $R_2$
$R_1$ $R_2$ A A A A A A A A $R_2$ $R_1$ A A A A A A A A $R_2$ $R_1$
$R_2$ $R_1$ A A A A A A A A $R_1$ $R_2$ A A A A A A A A $R_1$ $R_2$
$R_1$ $R_2$ A A A A A A A A $R_2$ $R_1$ A A A A A A A A $R_2$ $R_1$
$R_2$ $R_1$ A A A A A A A A $R_1$ $R_2$ A A A A A A A A $R_1$ $R_2$
$R_1$ $R_2$ A A A A A A A A $R_2$ $R_1$ A A A A A A A A $R_2$ $R_1$
$R_2$ $R_1$ A A A A A A A A $R_1$ $R_2$ A A A A A A A A $R_1$ $R_2$
$R_1$ $R_2$ A A A A A A A A $R_2$ $R_1$ A A A A A A A A $R_2$ $R_1$

চিত্র ১: A ও R লাইনের (৮ ঃ ২) রোপন বিন্যাস

বি.দ্র: মাতৃ সারির বীজ বর্ধনের ক্ষেত্রে ৮টি 'A' লাইনের স্থলে ৬ টি 'A' লাইন এবং ২ টি 'R' লাইনের স্থলে ২টি 'B' লাইন হবে।

**সারির দিক:** পর পরাগায়নের সুবিধার জন্য সারির দিক ধান গাছে ছড়া আসা পর্যায়ে প্রবাহিত বাতাসের দিক এর সাথে যেন লম্বভাবে থাকে। আমাদের দেশে সাধারণতঃ সারির বিন্যাস পূর্ব-পশ্চিম হয়ে থাকে।

## রোপন বিন্যাস:

পিতৃ সারি : সারি থেকে সারির দূরত্ব: ৩০ সেন্টিমিটার
গাছ থেকে গাছের দূরত্ব: ১৫ সেন্টিমিটার
মাতৃ সারি : সারি থেকে সারির দূরত্ব: ১৫ সেন্টিমিটার
গাছ থেকে গাছের দূরত্ব: ১৫ সেন্টিমিটার
পিতৃ সারি থেকে মাতৃ সারির দূরত্ব: ২০ সেন্টিমিটার
পিতৃ সারি : ১-২ টি চারা/গোছায়
মাতৃ সারি : ১ টি চারা/গোছায় (চিত্র ২)

**চারার বয়স:** চারা রোপনের ক্ষেত্রে বোরো মওসুমে চারার বয়স ৩০-৩৫ দিন, রোপা আমন মওসুমে ২১-২৫ দিন এবং রোপা আউশ মওসুমে ২০-২৫ দিন অথবা পিতৃ সারি (R line) এর ক্ষেত্রে লিফ নাম্বার ৫.৫ লিফ এবং মাতৃ সারি (A line) এর ক্ষেত্রে ৫.০ লিফ হতে হবে।



চিত্র ২: পিতৃ ও মাতৃ সারির চারা রোপন

